



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ এপ্রিল' ২০২৪ খ্রি.

ফিরিঙ্গিবাজারে বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ড

ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে তিন হাজার টাকার দেয়ার ঘোষণা মেয়রের

ফিরিঙ্গিবাজারে বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে তিন হাজার টাকার নগদ অর্থ সহায়তা এবং পুরুষদের লুঙ্গি ও নারীদের শাড়ি দেয়ার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার মেয়র অগ্নিকাণ্ডে পরিদর্শকালে সোমবার রাত এবং মঙ্গলবার দুপুর ও রাতের খাবারের আয়োজনেরও ঘোষণা দেন।

এছাড়া ক্ষতিগ্রস্ত ঘর পুনর্নির্মাণে টিন প্রদানের ঘোষণা দেন মেয়র।

পরিদর্শকালে মেয়র বলেন, অগ্নিকাণ্ডের কথা জানার সাথে সাথে ক্ষয়ক্ষতি কমাতে বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ করে উদ্বার কার্যক্রম তরান্বিত করতে সমন্বয় করছি। আমদের তিনজন কাউন্সিলরের তত্ত্বাবধানে পরিচ্ছন্ন বিভাগের কর্মীরা ক্ষতিগ্রস্ত এলাকা পরিষ্কার করতে কাজ করছে।

“অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে তিন হাজার টাকার নগদ অর্থ সহায়তা দেয়া হবে। পুরুষদের লুঙ্গি ও নারীদের শাড়ি এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে সোমবার রাত এবং মঙ্গলবার দুপুর ও রাতের খাদ্য সহায়তা দেয়া হবে। ক্ষতিগ্রস্ত ঘর পুনর্নির্মাণে টিন দেয়া হবে।”

এসময় কাউন্সিল হাসান মুরাদ বিপ্লব, পুলক খাত্তগীর, বেগম লুৎফুল্লেহ দোভাষ বেবী, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমিসহ চসিকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

ছুটির পর প্রাণচক্রে চসিক

সেবা কার্যক্রমের গতি বাড়াতে বিভাগীয় প্রধানদের সাথে মেয়রের বৈঠক।

ঈদ ও পহেলা বৈশাখের ছুটির পর আবারো প্রাণচক্রে হয়ে উঠেছে চসিক। সোমবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে ঈদের শুভেচ্ছা বিনিময়ের পর বিভাগীয় প্রধানসহ চসিকের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সভা করেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সভায় মেয়র প্রকৌশল কার্যক্রমের গতি বাড়ানোর পাশাপাশি মশক নিয়ন্ত্রণ ও বর্ষায় জলাবদ্ধতা কমাতে খাল-নালা পরিষ্কারের উপর জোরারোপ করেন।

মেয়র বলেন, বর্ষাকাল ঘনিয়ে আসছে বিধায় ডেঙ্গু ও জলাবদ্ধতা নিয়ন্ত্রণে কার্যক্রমের গতি বাড়াতে হবে। বিশেষ করে মশক নিয়ন্ত্রণ কার্যক্রমের গতি বাড়াতে হবে।

“বর্ষাকালের আগেই খাল-নালা পরিষ্কারের কার্যক্রম এগিয়ে নিতে হবে। কারণ খাল-নালা পরিষ্কার থাকলে মশক কমবে, জলাবদ্ধতা ও হবেনা। এজন্য কাউন্সিলরদের ওয়ার্ড পর্যায়ে মনিটরিং বাড়াতে কাউন্সিলরদের সংশ্লিষ্টতা নিশ্চিত করতে হবে। পরিচ্ছন্ন বিভাগের যেসব কর্মকর্তা-কর্মচারীর দায়িত্ব পালনে অবহেলা পাওয়া যাবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেয়া হবে।”

সভায় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমি, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, প্রধান প্রকৌশলী শাহীন-উল ইসলাম চৌধুরী, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম, প্রধান হিসাববরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, শিক্ষা কর্মকর্তা মোছাম্মৎ রাশেদা আক্তার, নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরীন ফেরদৌসী, চৈতি সর্ববিদ্যাসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এব্ব অফিসারস্ এসোসিয়েশন গঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীকে প্রধান পৃষ্ঠপোষক, অবসরপ্রাপ্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিককে আহ্বায়ক, অবসরপ্রাপ্ত স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো: কামরুল ইসলামকে যুগ্ম আহ্বায়ক এবং অবসরপ্রাপ্ত জনসংযোগ কর্মকর্তা সাইফুন্দিন আহমদ সাকীকে সদস্য সচিব করে সাত সদস্য বিশিষ্ট চট্টগ্রাম সিটি কর্পোরেশন এব্ব অফিসারস্ এসোসিয়েশন গঠিত হয়েছে।

সোমবার নবগঠিত কমিটি সিটি মেয়রের সাথে টাইগারপাস্ত চসিক কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করে সংগঠনের উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে মেয়রকে অবহিত করেন। সিটি মেয়র এ উদ্যোগকে স্বাগত জানান এবং সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

মেয়র বলেন, এই সংগঠন তৈরি হওয়ায় সাবেক কর্মকর্তাদের অভিভূতা ও পরামর্শকে কাজে লাগাতে পারবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে এই সংগঠনকে এগিয়ে নিতে আমি সর্বাত্মক সহযোগিতা দিয়ে যাব।

আপনারা অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের যে কোন বিপদে আমাকে পাশে পাবেন।

নবগঠিত এই আহ্বায়ক কমিটির অপরাপর সদস্যরা হলেন অবসরপ্রাপ্ত মেডিকেল অফিসার ডাক্তার আশিস কুমার মুখার্জি, অবসরপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, অবসরপ্রাপ্ত ভূ-সম্পত্তি কর্মকর্তা আহমেদুল হক।

সে সময় সাবেক মেডিকেল অফিসার আবদুর রশিদ, সাবেক অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনিরুল হুদা, সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ ও মাহফুজুর রহমান, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, অসীম কুমার, এস এম আয়ুব, সদরুল হকসহ চসিকের অবসরপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮